# পিরোজপুর পল্লী বিদ্যুৎ সমিতি

মরিচাল, হুলারহাট, পিরোজপুর।

ই-মেইল: gmppbs@yahoo.com


স্মারক নং: ২৭.১২.৭৯৮০.৫২১.০১.০৩৮.২৫.২৯৯৬ | তারিখঃ- ১১ আষাঢ়, ১৪৩২ বঙ্গাব্দ / ২৫ জুন, ২০২৫ খ্রিষ্টাব্দ

"Digital Attendance System and Accessories" সরবরাহ ও ইনস্টলেশনের জন্য কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) পুনঃদরপত্র"

প্রতি,

--------------------------------------

--------------------------------------

১. জেনারেল ম্যানেজার, পিরোজপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর জন্য "Digital Attendance System and Accessories" সরবরাহ ও ইনস্টলেশনের জন্য সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ বাংলাদেশের প্রকৃত সরবরাহকারী/প্রস্তুতকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত খামে কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতিতে (RFQ) পুনঃদরপত্র আহবান করা যাচ্ছে।

২. এতদসঙ্গে সংযুক্ত "কোটেশন দলিল" ব্যবহার করে কোটেশন প্রস্তুত এবং দাখিল করতে হবে। কোটেশন দলিল সমিতির ওয়েব সাইট **www. pbs.pirojpur.gov.bd** হতে ডাউনলোড করে কোটেশনের সকল শর্তাদি পূরণ সাপেক্ষ্যে দাখিল করতে হবে। নির্ধারিত কোটেশন ব্যতীত অন্য কোন কোটেশন বা ফরমে পুনঃদরপত্র গ্রহণযোগ্য হবে না অথবা আবেদনের মাধ্যমে পিরোজপুর পল্লী বিদ্যুৎ সমিতি হতে কোটেশন দলিল সংগ্রহ পূর্বক দর দাখিল করতে হবে।

৩. নির্ধারিত কোটেশন দলিল যথাযথভাবে পূরণ পূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা স্বাক্ষর করে ৫ অনুচ্ছেদে উল্লেখিত তারিখ ও সময়ে কোটেশন আহবানকারী কর্তৃক **জেনারেল ম্যানেজার, পিরোজপুর পল্লী বিদ্যুৎ সমিতি, মরিচাল, হুলারহাট, পিরোজপুর** বরাবর দাখিল করতে হবে।

৪. কোটেশন দাখিল এবং পণ্য সরবরাহে কোন জামানত যেমন, কোটেশন জামানত এবং কার্য সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হবে না।

৫. সিলমোহরকৃত খাম **আগামী ০৩-০৭-২০২৫ খ্রিঃ তারিখ এবং সময় বেলা ১২:০০** ঘটিকার মধ্যে কোটেশন ৩ নং অনুচ্ছেদে বর্ণিত দপ্তরে দাখিল করা যাবে। কোটেশনের খামে "Digital Attendance System and Accessories" সরবরাহ ও ইনস্টলেশনের এর জন্য কোটেশন এবং **আগামী ০৩-০৭-২০২৫ খ্রিঃ তারিখ এবং সময় বেলা ১২:০৫ এর আগে খোলা যাবে না"** লিখে অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করতে হবে। উল্লেখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হবে না।

৬. Licence for Digital Time Attendance Software: 10 Devices

৭. Tenderer Must Submit Manufecturer Authorization Letter for Digital Attendance Device, Digital Time Attendance Software and UTP Cat 6 Cable.

৮. প্রাপ্ত পুনঃদরপত্র সমূহ **০৩-০৭-২০২৫ খ্রিঃ তারিখ বেলা ১২:০৫ ঘটিকার** সময় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। পুনঃদরপত্র বিজ্ঞপ্তি অত্র পবিস এর ওয়েব সাইট **www. pbs.pirojpur.gov.bd** এ দেখা যাবে।

৯. কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হতে ন্যূনতম ৬০ দিন পর্যন্ত সকল কোটেশন বৈধ থাকবে।

১০. কোটেশন দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে প্রাপ্ত কোটেশন সমূহ ক্রমিক নং-৩ এ বর্ণিত স্থানে যথাযথ কর্তৃপক্ষের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক পুনঃদরপত্র উন্মুক্ত করা হবে।

১১. গুনগত মান সন্তোষজনক সাপেক্ষে মালামাল গ্রহন করা হবে। সন্তোষজনকভাবে "Digital Attendance System and Accessories" সরবরাহ ও ইনস্টলেশনের পর বিল দাখিল সাপেক্ষে একাউন্টপেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে। পরিশোধযোগ্য বিল হতে সরকারী নিয়মানুযায়ী উৎসে কর, আয়কর ও অন্যান্য কর (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তন করা হবে।

১২. দর টাকায় উদ্ধৃত করতে হবে এবং এ চুক্তির অধীন পরবর্তীতে মূল্য পরিশোধও টাকায় করা হবে। কোটেশন দাতার প্রস্তাবিত মূল্য, যদি গৃহীত হয়, তবে তা চুক্তিকালীন সময়ে স্থির অংকে থাকবে।

১৩. কোটেশন দাতার চুক্তি করার আইনগত সক্ষমতা থাকতে হবে। কোটেশন দাতার যোগ্যতার প্রমাণস্বরুপ **হালনাগাদকৃত বৈধ ট্রেড লাইসেন্স, টিআইএন নম্বর ও ভ্যাট নিবন্ধন এর সত্যায়িত অনুলিপি এবং কোনো তফসিলি ব্যাংক থেকে আর্থিক সচ্ছলতার সনদ দাখিল করতে হবে।** এগুলো ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য বলে বিবেচিত হবে।

১৪. মূল্যায়ন কমিটি কোটেশনের সঙ্গে দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ন করবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ০৩ (তিন) টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হবে।

১৫. উদ্ধৃত একক দর এবং মূল্যের মধ্যে অসঙ্গতি থাকলে একক দর প্রাধান্য পাবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসঙ্গতির ক্ষেত্রে কথায় উদ্ধৃত দর/মূল্য প্রাধান্য পাবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ণিত গাণিতিক সংশোধন গ্রহণে কোটেশন দাতা বাধ্য থাকবে।

১৬. কার্যাদেশ জারীর তারিখ থেকে ০৭ (সাত) দিনের মধ্যে পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ সম্পন্ন করতে হবে।

১৭. নির্ধারিত তারিখের মধ্যে মালামাল সরবরাহ করতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য সরবরাহকৃত মালামালের চুক্তি মূল্যের ১% এর ১/১০ অংশ হিসেবে কর্তন করা হবে। জরিমানা মোট চুক্তি মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হবে না।

১৮. পিরোজপুর পল্লী বিদ্যুৎ সমিতির কর্তৃপক্ষ সকল কোটেশন বা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

(মোঃ নুরুল হুদা)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)

**অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থা পরিচালন (দঃঅঃ)পরিদপ্তর , বাপবিবো, ঢাকা ।
০২। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
০৩। জেলা প্রশাসক, পিরোজপুর/বরগুনা।
০৪। পুলিশ সুপার, পিরোজপুর/বরগুনা।
০৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বরিশাল জোন, বাপবিবো, বরিশাল।
০৬। মেয়র, পৌরসভা, পিরোজপুর।
০৭। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ........................পবিস-১/২/৩/৪।
০৮। নির্বাহী প্রকৌশলী, এসওডি, বাপবিবো, পিরোজপুর।
০৯। উপজেলা নির্বাহী অফিসার,....................................পিরোজপুর।

(০৩–০৯: নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।)

১০। এজিএম (প্রশাসন/অর্থ/ওএন্ডএম), পিপবিস ।
১১। এজিএম (আইটি), পিপবিস [ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন]।
১২। মেসার্স .............................................................।
১৩। নোটিশ বোর্ড, পিরোজপুর পবিস।
১৪। অফিস কপি/মাষ্টার কপি।

(মোঃ নুরুল হুদা)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)